দৈনিক ইত্তেফাক

তারিখ 14 MAR 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

# 'ভার্সিটি বন্ধ রাখিয়া সমস্যার সমাধান হইতে পারে না'

( ইত্তেফাক রিপোর্ট )

শিক্ষক, ছাত্র ও অভিভাবক মহল ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিবার দাবী জানাইয়া বলিয়াছেন, ভার্সিটি বন্ধ রাখিয়া সমস্যার সমাধান করা যাইবে না। বিশ্ববিদ্যালয় খুলিবার ব্যাপারে সিণ্ডিকেটের জরুরী সভা তলবের জন্য ৫ জন সিণ্ডিকেট সদস্য ভিসিকে লিখিত অনুরোধ জানাইয়াছেন। উল্লেখ্য, ভাইস চ্যান্সেলর সিণ্ডিকেটের সভা আহ্বান না করিয়া ১১ই মার্চ প্রভোষ্ট ষ্ট্যাণ্ডিং কমিটির বৈঠক ডাকিয়া "নিরাপত্তার অভাবে ভার্সিটি খোলা সংগত নয়" বলিয়া একটি সিদ্ধান্ত গ্রহণ করেন।

শেষ পৃ: ২-এর ক: দ্র:)

২৮ রান দিয়া ২টি উইকেট নেন। ওয়ারীর গুরুগে অপরাজিত ৬৭ রান করেন ও গামাগী ১২ ওভারে ৫৯ রান দিয়া ৫টি উইকেট নেন। গুরুগে ২টি উইকেট নেন।

৭ খেলায় গুলশানের দ্বিতীয় জয় এবং ওয়ারীর টানা সপ্তম পরাজয়।

### ক্রীড়া লেখক সমিতি জয়ী

গত সোমবার জগন্নাথ হল মাঠে এক প্রীতি ক্রিকেট ক্রীড়া লেখক সমিতি (১৪১/২, রফিকুল হাসান অপ: ৭৫, শিশির অপ: ৩১) ৮ উইকেটে ঢাকা ডেন্টাল কলেজকে (১৪২/৭, মিশা ৪২ ও স্বপন ৩৩) পরাজিত করে।

## স্বাধীনতা দিবসের খেলাধুলা

আগামী ১৭ই মার্চ হইতে ২০শে মার্চ পর্যন্ত (আমন্ত্রিত) ও মহিলা বিভাগে স্বাধীনাতা দিবস ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠিত হইবে। মহিলা বিভাগে অংশগ্রহণেচ্ছুদের ১৫ই মার্চের মধ্যে ফেডারেশনে যোগাযোগ করিতে বলা হইয়াছে।—প্রেস বিজ্ঞপ্তি।

### বধির ক্রীড়া সংস্থার ব্যাডমিন্টন

বাংলাদেশ বধির ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত ব্যাডমিন্টন প্রতিযোগিতায় অংশগ্রহনেচ্ছুদের ২০শে মার্চের মধ্যে সংস্থায় (ষ্টেডিয়াম) যোগাযোগ করিতে বলা হইয়াছে। —প্রেস বিজ্ঞপ্তি।

## এন বি এল ফুটবল লীগ

স্পোর্টস রিপোর্টার ॥ গত সোমবার পর্যন্ত এনবিএল প্রথম বিভাগ ফুটবল লীগের ৮৬টি খেলা সম্পন্ন হয়। সিঙ্গল লীগ পদ্ধতির